

া সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৪৫৯৫

৩৪/ রক্তমূল্য (كتاب الديات)

পরিচ্ছেদঃ ৩২. দাঁতের কিসাস সম্পর্কে

بَابُ الْقِصاصِ مِنَ السِّنِّ

আরবী

حَدَّنَنَا مُسَدَّدُ، حَدَّثَنَا الْمُعْتَمِنُ، عَنْ حُمَيْدِ الطَّوِيلِ، عَنْ أَنَسِ بْنِ مَالِكِ، قَالَ: كَسَرَتِ اللَّبُيِّعُ أُخْتُ أَنَسِ بْنِ النَّضْرِ ثَنِيَّةَ امْرَأَةٍ، فَأَتَوُا النَّبِيَّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ، فَقَضَى اللهُ عَلَيْهِ الْقَصَاصَ، فَقَالَ أَنسُ بْنُ النَّضْرِ: وَالَّذِي بَعَثَكَ بِالْحَقِّ لَا تُكْسَرُ ثَنِيَّتُهَا الْيَوْمَ، فَكَابِ اللَّهِ الْقِصَاصَ، فَقَالَ أَنسُ بْنُ النَّصْرِ: وَالَّذِي بَعَثَكَ بِالْحَقِّ لَا تُكْسَرُ ثَنِيَّتُهَا الْيَوْمَ، قَالَ: يَا أَنسُ كِتَابُ اللَّهِ الْقِصَاصُ فَرَضُوا بِأَرْشٍ أَخَذُوهُ، فَعَجِبَ نَبِيُّ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ، وَقَالَ: إِنَّ مِنْ عِبَادِ اللَّهِ مَنْ لَوْ أَقْسَمَ عَلَى اللَّهِ لَأَبْرَهُ قَالَ أَبُو دَاوُدَ: سَمِعْتُ أَحْمَدَ بْنَ حَنْبَلِ قِيلَ لَهُ كَيْفَ يُقْتَصَّ مِنَ السِّنِ؟ قَالَ: تُبْرَدُ

صحيح

বাংলা

৪৫৯৫। আনাস ইবনু মালিক (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, একদা আনাস ইবনুল নাদর (রাঃ)-এর বোন রুবাই (রাঃ) এক মহিলার সামনের একটি দাঁত ভেঙ্গে ফেলেন। তারা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট এলে তিনি আল্লাহর কিতাব অনুসারে কিসাসের হুকুম দেন। আনাস ইবনুল নাদর (রাঃ) বললেন, আপনাকে যে পবিত্র সত্তা সত্য দ্বীনসহ পাঠিয়েছেন তাঁর কসম! আজ তার দাঁত উপড়ে ফেলবেন না। তিনি বললেন, হে আনাস! আল্লাহর কিতাবের নির্দেশ হলো কিসাস। এরপর বিবাদী পক্ষ দিয়াত গ্রহণে রায়ী হলো। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এতে অবাক হয়ে বললেন, ''আল্লাহর কিছু বান্দা আছে, তারা আল্লাহর উপর কসম করলে আল্লাহ তাদের কসমকে পূর্ণ করেন।

ইমাম আবূ দাউদ (রহঃ) বলেন, আমি আহমাদ ইবনু হাম্বাল (রহঃ)-এর নিকট শুনেছি তাকে প্রশ্ন করা হলো, দাঁতের কিসাস সম্পর্কে। তিনি বলেন, এক ফালি কাঠ দ্বারা তা ভেঙ্গে দিতে হবে।[1]

সহীহ।



English

Narrated Anas bin Malik:

Al-Rubayyi', sister of Anas b. al-Nadr, broke (one of) the front teeth of a woman. They came to the Prophet (). He made a decision in accordance with the Book of Allah that retaliation should be taken. Anas b. al-Nadr said: I swear by Him who has sent you the truth, her front tooth will not be broken today. He replied: Anas! Allah's decree is retaliation. But the people were agreeable to accepting a fine, so the Prophet () said: Among Allah's servants there are those who, if they adjured Allah, He (Allah) would consent to it.

Abu Dawud said: I heard Ahmad b. Hanbal say: He was asked: How retaliation of a tooth is taken? He said: It is broken with a file.

ফুটনোট

[1]. নাসায়ী।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন